

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৪.০০০০.০০৭.০১.০০১.২৬. ২৬

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩২
২৬ মার্চ ২০২৬


বিষয়ঃ কারাগারসমূহে সাপের কামড় প্রতিরোধ ও ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা।

দেশের বিভিন্ন অঞ্চলে বর্ষা ও বর্ষা-পরবর্তী সময়ে সাপের উপদ্রব বৃদ্ধি পাওয়ায় কারাগারসমূহে বন্দি ও কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারী করা হলো।

নির্দেশনাসমূহঃ

- ১। কারাগারের অভ্যন্তরে ও পার্শ্ববর্তী এলাকায় ঝোপ-ঝাড়, আগাছা ও অপ্রয়োজনীয় বর্জ্য নিয়মিত পরিষ্কার রাখতে হবে এবং কোথাও পানি জমে না থাকে তা নিশ্চিত করতে হবে।
- ২। আবাসিক এলাকা, রান্নাঘর, গুদামঘর, ড্রেন ও নর্দমা সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল রাখতে হবে।
- ৩। সকল ভবনের ফাঁক-ফোকর, দেয়ালের গর্ত, ড্রেন ও নর্দমা যথাযথভাবে বন্ধ/নিরাপদ করতে হবে, যাতে সাপ প্রবেশ করতে না পারে।
- ৪। কারাগারের অভ্যন্তরে ও বিশেষত আবাসিক এলাকায় রাতের বেলায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং চলাচলের সময় টর্চ/আলো ব্যবহারের নির্দেশনা দিতে হবে।
- ৫। কর্মকর্তা-কর্মচারী ও বন্দিদের মধ্যে সাপের কামড় প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত ব্রিফিং ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে (বেসিক লাইফ সার্পোর্ট প্রশিক্ষণ সহায়িকা পৃষ্ঠা-৪১ এর আলোকে)।
- ৬। প্রত্যেক কারাগারে প্রাথমিক চিকিৎসা সামগ্রী প্রস্তুত রাখতে হবে এবং সাপের কামড়ের ক্ষেত্রে আক্রান্ত ব্যক্তিকে শান্ত রেখে দ্রুত নিকটস্থ সরকারি হাসপাতালে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। সাপের কামড়ের ক্ষেত্রে অপ্রয়োজনীয় বাঁধন (tourniquet), কাটা, বিষ চোষা ইত্যাদি ভুল পদ্ধতি পরিহার করতে হবে।

উপরোক্ত নির্দেশনা সমূহ অবিলম্বে কার্যকর করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬/০৩/২৬

মোহাম্মদ আখতার হাসিব দেওয়ান

লেঃ কর্নেল

কারা উপ-মহাপরিদর্শক (স্বাস্থ্য)

পক্ষে-কারা মহাপরিদর্শক

ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)

dighq1@prison.gov.bd

কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।

সিনিয়র জেল সুপার/জেল সুপার,

সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেল সুপার, প্রিজন্স হসপিটাল/ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টিলিজেন্স ইউনিট/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ডিপ্লোমা নার্স, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা। (সকল) মহোদয়গণের সদয় অবগতির জন্য।
- ৭। দপ্তর কপি।